

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ০৪.০৫.২৫

প্রেস বিজ্ঞপ্তি-

খেলাধুলা ছাড়া শারীরিক ও মানসিক উন্নয়ন অসম্ভব: মেয়র ডা. শাহাদাত

শরীরচর্চা ও খেলাধুলা ছাড়া শারীরিক ও মানসিক উন্নয়ন অসম্ভব বিধায় নগরীর ৪১ টি ওয়ার্ডজুড়ে খেলার মাঠ গড়ে তোলা হচ্ছে বলে জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। রোববার চসিক একাদশ'র ব্যবস্থাপনায় চসিক বাকলিয়া স্টেডিয়ামে ইকুইটি মেয়র কাপ অনূর্ধ্ব-১৪ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন চসিক একাদশের সাধারণ সম্পাদক মোঃ আলী আকবর। উদ্বোধনী খেলায় অংশগ্রহণ করে ইম্পাহানী একাডেমি বনাম কোয়ালিটি একাডেমি। প্রধান অতিথির বক্তব্যে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, খেলাধুলা ছাড়া শারীরিক ও মানসিক উন্নয়ন অসম্ভব। মানসম্মত শিক্ষার নিশ্চিত একাডেমিক শিক্ষার পাশাপাশি নৈতিক শিক্ষা ও খেলাধুলার প্রতি গুরুত্বারোপ করে ৪১টি ওয়ার্ডে ৪১টি খেলার মাঠ নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। খেলাধুলার গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, "সুস্থ দেহের জন্য খেলাধুলার কোনো বিকল্প নেই। শিক্ষার্থীদের মধ্যে একত্রতা, শৃঙ্খলা, আত্মনিয়ন্ত্রণ ও দায়বদ্ধতা গড়ে তুলতে ক্রীড়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য খেলাধুলা অপরিহার্য। এটি শুধু বিনোদন নয়, বরং আত্মবিশ্বাস ও পরিশ্রমের মানসিকতা গড়ে তোলে। বর্তমান যুগে শিক্ষার পাশাপাশি ক্রীড়া ও সাংস্কৃতিক চর্চা সমান গুরুত্বপূর্ণ। চট্টগ্রামে এখন সেভাবে মাঠে খেলার কোনো সুযোগ নেই। ওয়ার্ডে ওয়ার্ডে খেলার মাঠ করার ঘোষণা দিয়ে মেয়র বলেন, শহীদ জিয়াউর রহমানের খাল খনন কর্মসূচি পুনরুজ্জীবিত করার পাশাপাশি ৪১টি ওয়ার্ডে মাঠ তৈরির পরিকল্পনা হাতে নিয়েছি। এরই মধ্যে অনেকগুলো মাঠের কাজ শুরু চলছে। বৈষম্য দূর করতে, সমাজের ধনী-গরিব সকলের জন্য খেলাধুলার সুযোগ তৈরি করছি। এভাবেই আমরা বৈষম্যহীন একটি সুন্দর চট্টগ্রাম গড়ে তুলব। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্পন্সর প্রতিষ্ঠানের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর কাজী আকিব আহমেদ, মার্কেটিং ম্যানেজার মোঃ সাজ্জাদ হোসেন, সিজেকেএস সাবেক যুগ্ম সম্পাদক আমিনুল ইসলাম, মহানগর বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য কামরুল ইসলাম, সাবেক কাউন্সিলর আব্দুল মালেক, ইকুইটি সেলস লিডার মোঃ সাইফুদ্দিন সাইফ, চসিক একাদশের কর্মকর্তা, কাজী মোজাম্মেল হক মানিক, মহিউদ্দিন আহমেদ, বিভাস বড়ুয়া, জাতীয় খেলোয়াড় আসাদুর রহমান, মোঃ নাসির, বোরহান, টুর্নামেন্টের কমিটির আহ্বায়ক মাসুম উদ্দৌলা, টুর্নামেন্ট কমিটির সচিব মোফাককরুল ইসলাম (খ্রিস্ট), সোহেল হোসেন পিন্টু, পংকজ মিত্র, সাজু, লিখন, জাবেদ, মানুদ, বাঁশী, রিয়াদ হোসেন প্রমুখ।

যানজট নিরসনে সাগরিকায় বাস টার্মিনাল গড়ে তোলা হবে: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রাম মহানগরীতে ক্রমবর্ধমান যানজট পরিস্থিতি মোকাবেলায় পাহাড়তলী সাগরিকায় এলাকায় বাস টার্মিনাল গড়ে তোলার ঘোষণা দিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। রোববার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে আন্তঃজিলা বাস মালিক সমিতির সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। আন্তঃজিলা বাস মালিক সমিতি কর্মকর্তারা জানান, চট্টগ্রাম দেশের বানিজ্যিক রাজধানী এবং একটি গুরুত্বপূর্ণ যোগাযোগ কেন্দ্র। চট্টগ্রাম থেকে দেশের রাজধানী ঢাকা, বৃহত্তর নোয়াখালী, কুমিল্লা, সিলেট বিভাগ, দক্ষিণাঞ্চল ও উত্তরাঞ্চলের প্রতিদিন লক্ষাধিক যাত্রী সড়কপথে চলাচল করে। অথচ, এই বিপুল যাত্রী প্রবাহের জন্য একটি আধুনিক ও সংগঠিত আন্তঃজিলা বাস টার্মিনাল এখনো স্থাপিত হয়নি। এতে করে যানজট সৃষ্টি হয়, যাত্রীদের হয়রানির শিকার হতে হয়, নিরাপত্তাহীনতা ভুগতে হয়। আমাদের প্রস্তাব পাহাড়তলী এলাকায় একটি আধুনিক বাস টার্মিনাল স্থাপন করা যেতে পারে। প্রধান অতিথির বক্তব্যে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, নগরবাসী প্রতিদিন যে যানজটের ভোগান্তি পোহাচ্ছেন, তা নিরসনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তরিকভাবে কাজ করছে। যানজট শুধু নাগরিক দুর্ভোগই বাড়াচ্ছে না, নগরের অর্থনৈতিক কর্মকাণ্ডও নেতিবাচক প্রভাব ফেলছে। নগরবাসীর দুর্ভোগ দূর করতে পাহাড়তলীস্থ সাগরিকায় একটি আধুনিক বাস টার্মিনাল নির্মাণ করার বিষয়টি বিবেচনাধীন আছে। তিনি বলেন, চট্টগ্রামে যত্রতত্র বাস স্টপেজ, অনিয়ন্ত্রিত পার্কিং, অপরিকল্পিত গণপরিবহন ব্যবস্থা ও আধুনিক বাস টার্মিনালের অভাবে



যানজট বাড়ছে। এ সমস্যার স্থায়ী সমাধানের জন্য আমরা পাহাড়তলীর সাগরিকায় একটি আধুনিক বাস টার্মিনাল নির্মাণের বিষয়টি বিবেচনা করছি। এই টার্মিনালটি হবে আন্তর্জাতিক মানের, যেখানে থাকবে আধুনিক অবকাঠামো, যাত্রীদের বিশ্রামের জায়গা, টিকিট কাউন্টার, পার্কিং সুবিধাসহ সব ধরনের নাগরিক সেবা।” তিনি আরও বলেন, “নগর উন্নয়ন কেবল অবকাঠামো গড়ে তোলায় সীমাবদ্ধ নয়। মানুষের জীবনমান উন্নয়নের সঙ্গে যুক্ত পরিবেশবান্ধব ও পরিকল্পিত নগর ব্যবস্থাপনা নিশ্চিত করাই আমাদের লক্ষ্য।”

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন আন্তঃজিলা বাস মালিক সমিতির সাধারণ সম্পাদক কফিল উদ্দিন আহামদ, নিয়াজ খান, আবুল বাহার চৌধুরী, রুহুল আমিন, মনোয়ার হোসাইন, রিয়াজু আহমেদ, ফখরুল হাসান চৌধুরী, নাজিম উদ্দীন সোহেল, আনোয়ার হোসেন এরশাদ প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮